গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

## উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির জানুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : শারমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

তারিখ : ৩১ জানুয়ারি, ২০২৪
সময় : বেলা ১.০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নড়াইল সদর, নড়াইল
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর সভাপতি উপজেলা মানব পাচার প্রতিরোধ পরিস্থিতি সম্পর্কে প্রারম্ভিক বক্তব্য রাখেন। গত ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় অধিকাংশ সদস্য উপস্থিত থাকায় সন্তোষ প্রকাশ করা হয় এবং আগামী সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। তিনি উপস্থিত সদস্যদের আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান।

অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানা, নড়াইল সভায় জানান যে, জানুয়ারি, ২০২৪ মাসে মানব পাচার সংক্রান্ত কোন মামলা দায়ের হয়নি। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, মানব পাচার প্রতিরোধ ও মাদকের বিরুদ্ধে ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ ও ইউনিয়ন মাদক নির্মূল কমিটির মাসিক সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা থাকলেও অদ্যাবধি কোন ইউনিয়ন পরিষদ হতে সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। সভার কার্যবিবরণী না পাওয়ায় সংশ্লিষ্ট ইউনিয়নের মানব পাচার প্রতিরোধসহ মাদক নির্মূল সংক্রান্তে কোন তথ্য জানা সম্ভব হচ্ছে না। এছাড়া অধিক বেতনে চাকুরির লোভে দালালদের খপ্পরে পড়ে অবৈধভাবে বিদেশে না যাওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। আলোচনার সূত্র ধরে জানা যায় বিদেশে চাকুরির লোভে মানব পাচারকারী দালালদের খপ্পরে পড়ে অনেক অল্প/উঠতি বয়সী মেয়ে ও স্বামী পরিত্যক্তা মহিলারা ভারতের বোম্বেসহ বিভিন্ন প্রদেশে এবং মধ্যপ্রাচ্যের অনেক দেশে চলে যায়। অনেক সময় দালালরা চাকুরীর লোভ দেখিয়ে মেয়েদের বিয়ে করে। পরে বিদেশে নিয়ে দালালদের কাছে তার স্বামী তাকে বিক্রি করে দেয়। তারা যখন আর বাড়িতে ফিরে না আসে বা বিপদে পড়ে অথবা বাড়ির লোকেরা তাদের থেকে আশানুরূপ অর্থ না পায় তখন অভিভাবক পক্ষ মানব পাচারের নামে থানায়/আদালতে মামলা দায়ের করে। সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান যে, তাদের স্ব স্ব ইউনিয়নে বর্তমানে মানব পাচারের কোন ঘটনা ঘটেনি। মানব পাচার প্রতিরোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে নীতিমালা অনুযায়ী প্রতি মাসে ইউনিয়ন মানব পাচার প্রতিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর নড়াইল এর কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পুনরায় অনুরোধ জানানো হয়। অধিক বেতনে চাকুরির লোভে দালালদের খপ্পরে পড়ে অবৈধভাবে নদীপথে বা অন্য কোনভাবে কেউ যাতে মালয়েশিয়াসহ অন্য কোন দেশে না যায় সে বিষয়ে জনগণকে নিরুৎসাহিত করতে এবং জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরোর রেজিস্ট্রেশনের মাধ্যমে বৈধভাবে বিদেশে যাওয়ার জন্য বিদেশ গমনেচ্ছুক ব্যক্তিদের পরামর্শ প্রদান/উদ্বুদ্ধ করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। চিহ্নিত মানব পাচারকারীদের শনাক্ত করে আইনের আওতায় আনার জন্য অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানাকে অনুরোধ জানানো হয়। এছাড়া মানব পাচার বা পাচারকারী চক্র সংক্রান্ত কোন তথ্য জানা থাকলে তাৎক্ষণিকভাবে তা' অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানাকে অবহিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। উঠতি বয়সী মেয়েদেরকে মোবাইল ফোন/এন্ড্রয়েট ফোন কিনে না দেয়ার জন্য পিতা-মাতা/ অভিভাবকদের অনুরোধ জানানো হয়। কারণ তারা যাতে লোভী পাচারকারী/দালালের সাথে যোগাযোগ করে তাদের খপ্পরে পড়ে অভিভাবকদের বিনানুমতিতে বাড়ি থেকে চলে না যায়। মানব পাচার প্রতিরোধে সকলকে একযোগে কাজ করার আহবান জানানো হয়। | অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানা<br><br>চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ<br><br>সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২ | মানব পাচার প্রতিরোধের বিষয়ে সমাজের সকল স্তরের জনগণকে সচেতন করার লক্ষ্যে বাজার সভা, নারী শিক্ষার উপর গুরুত্ব দেয়া এবং হতদরিদ্র নারী ও কিশোরীদের নিয়ে উঠান বৈঠক এবং বাজার সভা আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে জনসাধারণকে মানব পাচার প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার জন্য বাজার সভা এবং নারী ও কিশোরীদের অংশগ্রহণে গ্রামাঞ্চলে উঠান বৈঠক এবং শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে আলোচনা সভা আয়োজন করার জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নড়াইল, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা সমবায় অফিসার, উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। এ উপজেলায় মানব পাচার প্রতিরোধে কাজ করে থাকেন এমন সকল এনজিও প্রধানকে মানব পাচার প্রতিরোধে সচেতনতামূলক সভার আয়োজন করার জন্য অনুরোধ করা হয়। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নড়াইল<br><br>উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা, সমাজসেবা/পল্লী উন্নয়ন /যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য ও সদস্যাগণ<br><br>এনজিও সমন্বয়কারী, নড়াইল |
| ৩ | পাচার হওয়া ভিকটিম উদ্ধার, সেল্টার প্রদান, পুনর্বাসন ও তার ফলোআপ কার্যক্রম মনিটরিং করার জন্য সকল ইউনিয়ন পরিষদকে সম্পৃক্ত করা ও বিভিন্ন বেসরকারি সংস্থাসমূহের সাথে সমন্বয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে মানব পাচারের ভিকটিম উদ্ধার, সেল্টার প্রদান, পুনর্বাসন করা ও তার ফলোআপ কার্যক্রম মনিটরিং করার জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নড়াইল, উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যসহ বিভিন্ন স্তরের সম্মানিত জনপ্রতিনিধিগণ, অভিভাবকবৃন্দ, সমাজের সুধীজন, বিত্তবান ও দানশীল ব্যক্তিবর্গ, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন এবং মানব পাচার প্রতিরোধে কাজ করে থাকেন এমন এনজিও বেসরকারী বিভিন্ন সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানানো হয়। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নড়াইল<br><br>উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর<br><br>চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ<br><br>এনজিও সমন্বয়কারী নড়াইল |
| ৪ | নারী ও শিশু পাচার প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ, শিশু শ্রম ও যৌতুক সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক আলোচনা এবং পাচার হওয়া ভিকটিম উদ্ধার ও উদ্ধারকৃত ভিকটিমদের প্রয়োজনীয় সাপোর্ট দেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নারী ও শিশু পাচার প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ, শিশু শ্রম ও যৌতুক সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক আলোচনার আয়োজন, পাচার হওয়া ভিকটিম উদ্ধার এবং উদ্ধারকৃত ভিকটিমদের প্রয়োজনীয় সকল প্রকার সাপোর্ট ও সেল্টার প্রদানের নিমিত্ত নিজ নিজ অবস্থান থেকে প্রয়োজনীয় সব ধরণের সহযোগিতার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং মানব পাচার প্রতিরোধের বিষয়ে কাজ করে থাকেন এমন এনজিও/বেসরকারী সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়া পাচার হওয়া ভিকটিম উদ্ধার এবং উদ্ধারকৃত ভিকটিমদের প্রয়োজন অনুযায়ী যাবতীয় সাপোর্ট ও সেল্টার প্রদানসহ সার্বিক বিষয়ে সহযোগিতার জন্য সম্মানিত জনপ্রতিনিধিগণ, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নড়াইল, উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলসহ সমাজের সকল বিত্তবান ও সহৃদয় ব্যক্তিবর্গকে এগিয়ে আসার আহবান জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল<br><br>সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান<br><br>চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ<br><br>এনজিও সমন্বয়কারী নড়াইল। |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৫ | মানব পাচারের ঝুঁকিপূর্ণ এলাকা/অঞ্চলগুলি চিহ্নিত করা এবং মানব পাচার প্রতিরোধে জীবিকায়নে সহায়তা করার জন্য অসচ্ছল, দরিদ্র ও বেকার জনগোষ্ঠীকে আয়বর্ধক এবং দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দিয়ে উপার্জনের পথ সুগম করাসহ দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে এ উপজেলার দরিদ্র, অসহায়, অসচ্ছল ও স্বল্প শিক্ষিত বেকার জনগোষ্ঠীকে আয়বর্ধনমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে ক্ষুদ্র ব্যবসায় তাদের মাঝে স্বল্প সুদে ঋণ বিতরণ, প্রশিক্ষিত মহিলা/কিশোরীদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন, হাঁস-মুরগি, গরু-ছাগল বিতরণ এবং সবজি ও বিভিন্ন ফসল উৎপাদনে উন্নত জাতের বীজ বিতরণসহ অন্যান্য সাপোর্ট দিয়ে তাদেরকে স্বাবলম্বী ও দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল, উপজেলা প্রাণিসম্পদ বিভাগ, উপজেলা কৃষি বিভাগ, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা সমবায় বিভাগ, উপজেলা সমাজসেবা অধিদপ্তর, বিআরডিবি, নড়াইল সদর এবং স্থানীয় বিভিন্ন এনজিও /বেসরকারী সংস্থাসমূহের প্রধানকে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর<br>উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর<br>উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর<br>উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর<br>এনজিও সমন্বয়কারী, নড়াইল |

সভাপতি মানব পাচার প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা করার আহবান জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০৩/২৪

শারমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল
ফোন: ০২৪৭৯৯২২৬৬৪

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০২১.২১.০০১.২৩. ১৫ (৫০) তারিখ:৩১জানুয়ারি, ২০২৪

অনুলিপি -সদয় জ্ঞাতার্থে:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১/ ৯৪-নড়াইল-২
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৬। জেলা প্রশাসক, নড়াইল
০৭। পুলিশ সুপার, নড়াইল
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
০৯। মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার/অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানা/কৃষি অফিসার/প্রাণিসম্পদ অফিসার/শিক্ষা অফিসার/ মাধ্যমিক শিক্ষা অফিসার/পল্লী উন্নয়ন অফিসার/মহিলা বিষয়ক অফিসার/সমাজসেবা অফিসার/যুব উন্নয়ন অফিসার/ আনসার ও ভিডিপি অফিসার/সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইল।
১২। চেয়ারম্যান (সকল), ............................................................ ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল।
১৩। অধ্যক্ষ, নড়াইল ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, নড়াইল সদর।
১৪। প্রধান শিক্ষক, গোবরা প্রগতি মাধ্যমিক বিদ্যালয়/নড়াইল দক্ষিণ পূর্ব মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, নড়াইল সদর।
১৫। সভাপতি, প্রেস ক্লাব, নড়াইল।
১৬। .........................................................................

৩১/০১/২৪
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল